



জেএসসিতে যশোর বোর্ডে ১৫৯ জনের ফল পরিবর্তন

প্রকাশিত: ২৬ - জানুয়ারী, ২০১৯ ১২:০০ এ. এম.

- খাতা পুনর্নিরীক্ষণ

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ যশোর শিক্ষাবোর্ডে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার (জেএসসি) খাতা পুনঃনিরীক্ষণে ১৫৯ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে এ প্লাস ৮৩ জন এবং এ গ্রেডে ২৫ জন উন্নীত হয়েছে। এছাড়াও অন্য গ্রেডে ৬১ জনের ফল উন্নীত হয়েছে। অকৃতকার্য ৬ পরীক্ষার্থী পেয়েছে জিপিএ-৫। বিষয়টি নিশ্চিত করে শিক্ষাবোর্ডের সচিব প্রফেসর তবিবর রহমান জানান, এ বছর ১০ হাজার ৭৮৬ পরীক্ষার্থী প্রকাশিত ফল চ্যালেঞ্জ করে পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছিল।

বৃহস্পতিবার সেই পুনর্নিরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। মোট ১৫৯ জন পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে অকৃতকার্য ৬ পরীক্ষার্থী পুনর্নিরীক্ষায় জিপিএ-৫ পেয়েছে ৬ জন, সি গ্রেড থেকে ১৪ জন, বি গ্রেড থেকে ৫ জন, এ মাইনাস থেকে ২১ জন ও এ গ্রেড থেকে জিপিএ ৫ পেয়েছে ৩৭ জন পরীক্ষার্থী। বিভিন্ন গ্রেড থেকে এ গ্রেডে উন্নীত হয়েছে ২৫ জন পরীক্ষার্থী। এছাড়াও ৬১ জন পরীক্ষার্থীর বিভিন্ন গ্রেডে ফল পরিবর্তন হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

